

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِرِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যেই কারণে মৃত ব্যক্তির কবরের আযাব মানুষ শুনতে পায় না তার বিবরণ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا لَا يَسْمَعُ النَّاسُ عَذَابَ الْقَبْرِ

## আরবী

3116 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدٌ الطَّوِيلُ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ دَخَلَ حَائِطًا مِنْ حَوَائِطِ بَنِي النَّجَّارِ فَسَمِع صَوْتًا مِنْ قَبْرٍ , قَالَ: (مَتَى دُفِنَ صَاحِبُ هَذَا الْقَبْرِ؟) فَقَالُوا: فِي الْجَاهِلِيَّةِ فَسُرَّ بِذَلِكَ وَقَالَ: (لَوْلَا أَنْ لاَ تَدَافَنُوا لَدَعَوْتُ اللَّهَ أَنْ يُسمعكم عذاب القبر) الراوي: أنس بْن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1316 اخلاصة حكم المحدث: صحيح \_ ((الصحيحة)) (158).

## বাংলা

৩১১৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার বানূ নাজ্জার গোত্রের এক বাগানে প্রবেশ করেন, অতঃপর তিনি সেখানে কবর থেকে একটি আওয়াজ শুনতে পান। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করেন, "এই কবরবাসীকে কখন দাফন করা হয়েছে?" সাহাবীগণ উত্তর দিলেন, "জাহেলী যুগে।" তখন তিনি খুশি হয়ে গেলেন এবং তিনি বলেন, "যদি এই আশংকা না থাকতো যে, তোমরা পরস্পরকে দাফন করা ছেড়ে দিবে, তবে আমি আল্লাহর কাছে দু'আ করতাম যেন তিনি তোমাদেরকে কবরের আযাব শুনান।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৮৬৮; মুসনাদ আহমাদ: ৩/১৭৬; ইমাম বাইহাকী, ইসবাতু আযাবিল কবর: ৯২; আল আজুরী, আশ শারী আহ: ৩৬৩-৩৬৪।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন